

আমের ভোমরা পোকা

পোকা পরিচিতি

ভোমরা পোকা আমের একটি গুরুত্বপূর্ণ পোকা যা আমের উৎপাদনে অনেক ক্ষতি করে। এ পোকাকার বৈজ্ঞানিক নাম *Sternochetus mangifera*। প্রাপ্ত বয়স্ক পোকা ডিম্বাকৃতির এবং ৭.৫-১০ মিমি. লম্বা হয়। এরা দিন প্রতি ১৫ টি ডিম পাড়তে সক্ষম। এ পোকা মাঝারি ও ছোট আকারের ফল পছন্দ করে।

ক্ষতির লক্ষণ

আক্রান্ত আম কাটলে শাঁসের মধ্যে আঁকা বাঁকা সুড়ঙ্গ বা নালা দেখা যাবে। সুড়ঙ্গে পোকাকার কালো রঙের মল ও পোকাকার কীড়া বা পূর্ণ বয়স্ক পোকা দেখা যেতে পারে। কখনো কখনো এ পোকা আমের আঁচিতেও আক্রমণ করে। এটি একটি সঙ্গনিরোধ পোকা। তাই এ পোকাকার আক্রমণ হলে বিভিন্ন দেশে আম রপ্তানী করা যায় না। এ পোকাকার আক্রমণে আমের ফলন বিপদজনকভাবে হ্রাস পায় কারণ অপরিণত অবস্থায় ফল পতিত হয়। বীজের টেকসইতা হ্রাস পাওয়ার কারণে বীজ উৎপাদন ও হ্রাস পায়।



ছবি: পূর্ণাঙ্গ ভোমরা পোকা এবং আক্রান্ত ফল

সমন্বিত বালাই ব্যবস্থাপনা

- গাছের নিচের আগাছা, ঝরে পড়া পাতা, মরা ডাল-পালা সংগ্রহ করে পুড়িয়ে ফেলতে হবে।
- মাঘ-ফাল্গুন মাসে গাছের নিচের মাটি কুপিয়ে আঁচড়িয়ে দিতে হবে যাতে মাটির নিচে লুকিয়ে থাকা পোকাগুলো মারা যায়।
- আমের আঁচি শক্ত হওয়ার সময় থেকে প্রতি ১০ লিটার পানিতে ২৫ মিলি রাইসন ৬০ ইসি বা সুমিথিয়ন ৫০ ইসি মিশিয়ে কাল্ড ও ডালাপালা ভালোভাবে ভিজিয়ে ১৫ দিন পর পর দু'বার স্প্রে করতে হবে।

আরো তথ্যেরজন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন